



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.৯৯.০০৩.১৯-৫৩ (ক)

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সুলতান মাহমুদ ও একই ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মোছা: সালেহা বেগম এর বিরুদ্ধে এলজিএসপি-৩ প্রকল্পের ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরের ৩০,১৫,৮৪৪/- (ত্রিশ লক্ষ পনের হাজার আটশত চুয়াল্লিশ) টাকা আত্মসাতের উদ্দেশ্যে এলজিএসপি ব্যাংক হিসাব হতে ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তরিত করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যান ও সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সুলতান মাহমুদ ও একই ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মোছা: সালেহা বেগম এর বিরুদ্ধে এলজিএসপি-৩ প্রকল্পের ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরের ৩০,১৫,৮৪৪/- (ত্রিশ লক্ষ পনের হাজার আটশত চুয়াল্লিশ) টাকা আত্মসাতের উদ্দেশ্যে এলজিএসপি ব্যাংক হিসাব হতে ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তরিত করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁদের দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সুলতান মাহমুদ ও একই ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মোছা: সালেহা বেগম কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যান ও সদস্যকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Upligd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.৯৯.০০৩.১৯-৫৩


তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: সুলতান মাহমুদ, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৫। জনাব মোছা: সালেহা বেগম, সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব